যুগান্তর

তারিখ ... 13 OCT 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# ঢাবি 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

## 'খ' ইউনিটের আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষার (সাধারণ জ্ঞান) ফল প্রকাশ হয়েছে। সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন। কলা অনুষদভুক্ত 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার ফল আজ সকাল সাড়ে ১০টায় প্রকাশ করা হবে।

বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশিদ জানান, ভর্তি পরীক্ষায় ৪৯৬ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd) লগইন করে ফল জানতে পারবে। শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৩৫টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ছিল ৭ হাজার ৩১৯ জন। ভর্তি অফিস জানায়, শনিবার সাধারণ জ্ঞানে উত্তীর্ণ পরীক্ষার্থীদের অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক অধ্যাপক ড. নূর-ই-ইসলাম প্রেরিত সংবাদ বিজ্ঞপ্তিতে 'খ' ইউনিটের ফল প্রকাশের বিষয়ে জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট (http://admission.eis.du.ac.bd/) থেকে পরীক্ষার ফল জানা যাবে। ৯ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।